


# যুগান্তর

## ধুনটে এবতেদায়ি সমাপনীতে নামসর্বস্ব মাদ্রাসার ছাত্র

২৪ পরীক্ষার্থী বহিষ্কার

প্রকাশ : ২০ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বগুড়া ব্যুরো

বগুড়ার ধুনটে জাতীয়করণের লোভে এবতেদায়ি সমাপনী পরীক্ষায় বসানো হয়েছে ভুয়া পরীক্ষার্থী। মঙ্গলবার এরকম ২৪ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

মাদরাসাগুলো হচ্ছে- গোবিন্দপুর স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা, রামপুরা স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা ও রঘুনাথপুর নয়াপাড়া স্বতন্ত্র এবতেদায়ি। এ তিন মাদ্রাসার সুপার যথাক্রমে মারুফ হোসেন, আমজাদ হোসেন ও আবদুল ওহাবকে কারণ দর্শানো নোটিশ দেয়া হয়েছে। ধুনট উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, চলতি প্রাথমিক ও এবতেদায়ি সমাপনী পরীক্ষায় ধুনট উপজেলার ১৯টি কেন্দ্রে ২০০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬ হাজার ১০৩ এবং ৫৯টি স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার ৭৬৩ শিক্ষার্থী অংশগ্রহণ করেছে।

রোববার পরীক্ষা শুরুর প্রথম দিনেই ছাতিয়ানী সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্র ও ভাণ্ডারবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে প্রাথমিক ও এবতেদায়ি সমাপনী পরীক্ষায় অংশ নেয়া তিনটি এবতেদায়ি মাদ্রাসার ২৪ ভুয়া পরীক্ষার্থীর বিষয়ে অনুসন্ধান শুরু করেন ধুনট উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কামরুল হাসান। এ বিষয়ে সত্যতা মিললে মঙ্গলবার তিনি ওই দুটি কেন্দ্রে পরীক্ষায় অংশ নেয়া গোবিন্দপুর স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার ১৫, রামপুরা স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার ৩ ও রঘুনাথপুর নয়াপাড়া স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার ৬ মেট পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। এরা সবাই সিরাজগঞ্জের রায়গঞ্জ ও কাজিপুর উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের সপ্তম ও অষ্টম শ্রেণির শিক্ষার্থী। এ প্রসঙ্গে গোবিন্দপুর স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা সুপার মারুফ হোসেন বলেন, এসব শিক্ষার্থী তথ্য গোপন করে পিইসিই পরীক্ষায় অংশ নিয়েছিল। এ বিষয়টি তার জানা ছিল না। পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কারের পর বিষয়টি জানতে পেরেছেন। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান, তিনটি মাদ্রাসায় কোনো শিক্ষার্থী নেই। তারা বহিরাগত শিক্ষার্থী তাদের প্রতিষ্ঠানের নামে চালিয়ে দিতে চেয়েছিল। ধুনট উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া সুলতানা বলেন, বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।